

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়



কাচালং সরকারি মডেল উচ্চ বিদ্যালয় KACHALONG GOVT. MODEL HIGH SCHOOL



স্থাপিতঃ ০১/০১/১৯৬৬খ্রি.

ডাকঘরঃ মারিশ্যা-৪৫৯০, উপজেলাঃ বাঘাইছড়ি, জেলাঃ রাজশাহী, মোবাইলঃ ০১৫৫৬-৭০৮৭২৩
বিদ্যালয় কোড নম্বরঃ ৪৮০১, EIIN: ১০৭৬৬৭, ইমেইল: kachalongmhs@gmail.com
(website: kachalongmhs.edu.bd)

স্মারক নং- কাসমউবি/রাজা-বাঘাই/২০২৫/

তারিখঃ ০১/০৮/২০২৫ খ্রি.

২০২৫ সালের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থীদের পুনঃ ভর্তি সংক্রান্ত জরুরী নোটিশ

এতদ্বারা কাচালং সরকারি মডেল উচ্চ বিদ্যালয়ের ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর নির্দেশনা মোতাবেক এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশ হওয়ার ০১ (এক) মাসের মধ্যে রেজিস্ট্রেশন কার্ড ও এডমিট কার্ড জমা প্রদানের মাধ্যমে বিদ্যালয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। তদানুসারে আগামী ১০/০৮/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করে নিয়মিত শ্রেণি কার্যক্রমে উপস্থিত এবং শ্রেণি মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। ২০২৬ সালের এসএসসি নির্বাচনী পরীক্ষায় সকল বিষয়ে উত্তীর্ণ ব্যতীত এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ প্রদান করা হবে না।

উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের পর কোন সময় বৃদ্ধি করার সুযোগ নেই। উক্ত সময়ের মধ্যে কোন শিক্ষার্থী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রতিষ্ঠান দায়-দায়িত্ব বহন করবে না।

* বিষয়টি অতিব জরুরী

মোঃ জামাল উদ্দীন
প্রধান শিক্ষক

কাচালং সরকারি মডেল উচ্চ বিদ্যালয়
বাঘাইছড়ি, রাজশাহী পার্বত্য জেলা।